# ঢাকা ওয়াসা

১) ২০২৪-২৫ অর্থ-বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।

২) প্রাক্কলন।

বিষয়: Testing of Water Quality at BCSIR and ICDDR,B Under MODS Zone-3, Dhaka WASA শীর্ষক কাজ অনুমোদন প্রসংগে।

১) উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৩ এর আওতাধীন বিভিন্ন এলাকা হতে দুর্গন্ধযুক্ত ময়লা পানি পাওয়ার অভিযোগ পাওয়া যাচ্ছে। উক্ত হোল্ডিং সমূহ সরোজমিনে পরিদর্শন করে বাহ্যিক ভাবে পানিতে ময়লা পাওয়া যায়নি। সম্মানিত গ্রাহকের অভিযোগের প্রেক্ষিতে উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক ঢাকা ওয়াসা কর্তৃক সরবারাহকৃত পানি গ্রাহক হোল্ডিং হতে সংগ্রহ করে Bangladesh Council of Scientific and Industrial Research (BCSIR) এবং ICDDR,B তে পরীক্ষা করানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সেইপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার কেন্দ্রীয় পরীক্ষাগার সহযোগিতায় Bangladesh Council of Scientific and Industrial Research (BCSIR) এবং ICDDR,B এর মাধ্যমে গ্রাহক হোল্ডিং হতে সংগ্রহকৃত পানিতে Faecal coliform, pH, Thermotolerant Escherichia এবং Turbidity এই Parameter সমূহ পরীক্ষা করণের উদ্দোগ নেয়া হয়েছে।

২) উপরোক্ত বর্ণনার আলোকে Bangladesh Council of Scientific and Industrial Research (BCSIR) এবং ICDDR,B এর মাধ্যমে গ্রাহক হোল্ডিং হতে সংগ্রহকৃত পানির ৩(তিন)টি (ঢাকা ওয়াসা সার্ভিস লাইন, বেসিন ট্যাপ এবং আন্ডার গ্রাউন্ড রিজার্ভার) স্যাম্পল পরীক্ষার জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এতে টাকার পরিমান দাঁড়িয়েছে মোট টাঃ ১৭,৪২৫/-(সতের হাজার চারশত পচিশ) টাকা মাত্র। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যায়ভার মড্স জোন-৩ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার " পানির লাইন রক্ষণাবেক্ষণ" খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-B.6.2(37) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটির প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের ক্ষমতা "প্রধান প্রকৌশলী" মহোদয়ের আওতাধীন।

৩) এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Testing of Water Quality at BCSIR and ICDDR,B Under MODS Zone-3, Dhaka WASA কাজ এর জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য টাঃ ১৭,৪২৫/-(সতের হাজার চারশত পচিশ) টাকা মাত্র এর অনুমোদন;

খ) জনস্বার্থে কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে সম্পন্ন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার " পানরি লাইন রক্ষণাবেক্ষণ" খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-B.6.2(37) হতে নির্বাহ করার অনুমোদন।

বর্ণিত প্রস্তাবসমূহ "প্রধান প্রকৌশলী" মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

SDE/AE    EE

07/05/25
মোস্তাক আহম্মেদ
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৩
ঢাকা ওয়াসা

07.05.25
মোঃ নজরুল ইসলাম খান
উপ-বিভাগীয় প্রকৌশলী
মড্স জোন-৩, ঢাকা ওয়াসা।

7.5.25
...য়ন্ত সাহা
...প্রকৌশলী (চঃ দাঃ)
মড্স জোন-৩ ঢাকা ওয়াসা

SE, MODS Circle-1

09/05/25
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

CE অনুমোদিত

09/05/2025
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা